বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী
Bangladesh 50

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

মুজিব ১০০

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৩১.০০১.২০-১০৬৫(৫০) তারিখ : ২০ সেপ্টেম্বর ২০২১ খ্রি:।

## বিজ্ঞপ্তি

সেপ্টেম্বর ২০২১ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ সভাকক্ষে চেয়ারম্যান উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লেখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ২৭/০৯/২০২১ খ্রি: | বেলা ১১-৫৫ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০২. | ২৭/০৯/২০২১ খ্রি: | দুপুর ১২-০০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৩. | ২৭/০৯/২০২১ খ্রি: | দুপুর ১২-০৫ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৪. | ২৭/০৯/২০২১ খ্রি: | দুপুর ১২-১০ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৫. | ২৭/০৯/২০২১ খ্রি: | দুপুর ১২-১৫ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |
| ০৬. | ২৭/০৯/২০২১ খ্রি: | দুপুর-১২-৩০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |

উল্লেখ্য যে, বিভাগীয় প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিংয়ের রেজুলেশন ২৬-০৯-২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

২০/০৯/২০২১

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

২০/০৯/২১

প্রাপকঃ ১। উপজেলা.............................................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান...................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব .........................................................................................................

**সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ**

১। আলহাজ মির্জা আজম, মাননীয় সংসদ সদস্য-১৪০, জামালপুর-৩ ও উপদেষ্টা উপজেলা পরিষদ, মাদারগঞ্জ।
২। জেলাপ্রশাসক, জামালপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৪। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। অফিস কপি।

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।

**অক্টোবর/২০২১ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:**

সভাপতি : মো: ওবায়দুর রহমান বেলাল
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

সভার তারিখ : ১৪ অক্টোবর ২০২১ খ্রি:।

সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:-**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ,মাদারগঞ্জ, জামালপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান করোনা টিকার কার্যক্রম চলমান আছে। অক্টোবর/২০২১ মাসে ১ম ডোজে: ৬০০০০ টি এবং ২য় ডোজে = ২৫০০০ টি টিকা প্রদান করা হয়েছে। তাছাড়া এ উপজেলায় করোনা পজেটিভ- ৩১৬ জন এবং মারা গেছে ০৭ জন, সুস্থ্য হয়েছে ৩০৯ জন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০২. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান মুজিব শতবর্ষ উপলক্ষ্যে প্রতিটি ইউনিয়নে অনাবাদি পতিত জমি ও বসতবাড়ীর আঙিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প এর আওতায় ১০০ টি করে পারিবারিক পুষ্টি বাগান স্থাপনের কাজ চলছে। ২০২১-২০২২ অর্থ বছরে ৩২ টি বাগানের বরাদ্দ পাওয়া গিয়াছে। যার মধ্যে ০৯ টি জোড়খালী ইউনিয়নের আশ্রয়ন প্রকল্পে দেওয়া হয়েছে। উল্লেখ্য, আশ্রয়ন প্রকল্পের অসহায় দরিদ্রদের অগ্রাধিকার দিতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। বিভাগীয় কাজে তৎপর হওয়ার জন্য অনুরোধ করা হল। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ,জামালপুর। |
| ০৩. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | ক. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের পরামর্শক্রমে এবং গত ২৯-০৮-২০২১ খ্রি: তারিখে উপজেলা পরিষদ মাসিক সভার সিদ্ধান্ত আলোকে নিম্নবর্ণিত ০২(দুই) টি প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করে সভায় পেশ করেন। সভায় বিস্তারিত আলোচন পূর্বক জনগুরুত্বপূর্ণ বিবেচনায় প্রকল্প ০২(দুই) টি গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>১. উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের বাসভবন চত্বর উন্নয়ন। বরাদ্দ : ৪,৫২,৪০০/-<br>২. তেঘরিয়া মির্জা আজম গণগ্রন্থাগারের ছাদ নির্মাণ। বরাদ্দ : ১০,০০০০০/- | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্প ০২(দুই) টি RFQ পদ্ধতিতে উন্নয়ন রাজস্ব উদ্বৃত্ত তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়ন সর্বসম্মতিক্রমে অনুমোদনসহ সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| | | খ. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের পরামর্শক্রমে এবং গত ২৯-০৮-২০২১ খ্রি: তারিখে উপজেলা পরিষদ মাসিক সভার সিদ্ধান্ত আলোকে নিম্নবর্ণিত আরও ০২(দুই) টি প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করে সভায় পেশ করেন। সভায় বিস্তারিত আলোচন পূর্বক জনগুরুত্বপূর্ণ বিবেচনায় প্রকল্প ০২(দুই) টি গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>১. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন উন্নয়ন। বরাদ্দ : ৩,০০,০০০/-<br>২. উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের সামনে গেইট নির্মাণ। বরাদ্দ : ৭,০০০০০/- | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্প ০২(দুই) টি RFQ পদ্ধতিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা বাস্তবায়ন সর্বসম্মতিক্রমে অনুমোদনসহ সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, চলতি অক্টোবর/২০২১ মাসে তাঁর দপ্তরের কার্যক্রমসমূহ:<br>প্রশিক্ষণ = ২২০ জন<br>রাজস্ব আদায় = ৩১৬৫০/-, চিকিৎসা (গবাদি পশু) = ২৫৯৪ টি<br>চিকিৎসা (হাঁস মুরগী) = ১৯৯৯৩ টি,<br>টিকাদান (গবাদি পশু) = ১১৬০ টি<br>টিকাদান(হাঁস মুরগী) = ২৪৫০০ টি, কৃত্রিম প্রজনন = ৮৫০ টি<br>সংকর জাতের বাছুর উৎপাদন = ৩৩৪ টি।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণি. কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ০৫. | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২১ এর আওতায় মাদারগঞ্জ উপজেলায় ০৪ অক্টোবর হতে ইলিশ মাছ ধরা, পরিবহন,ক্রয়-বিক্রয়, মজুদ, বাজারজাতকরণ, বিনিময় সম্পূর্ণরূপে নিষিদ্ধ রয়েছে। আমার যমুনা নদীতে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা করে মোট ২০ সেট চায়না দোয়ারী জাল জব্দ করে পুড়িয়ে ধ্বংস করা হয়েছে। এ সময় ইলিশ জেলেদের জন্য ১৪৯০ জনকে ভিজিএফ চাল বরাদ্দ দেয়া হয়েছে। তাছাড়া প্রত্যেক বাজারে বাজারে অভিযান অব্যাহত আছে এবং বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ০৬. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান মধ্যরায়ের জাজালিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি বেদখল হওয়ায় উপজেলা ভূমি অফিসের সার্ভেয়ার কর্তৃক পরিমাপ করে সীমানা নির্ধারণ করা হয়েছে। বেদখলকারীর বাড়ীঘর অপসারণ করে বিদ্যালয়ের পরিবেশ ফিরিয়ে আনার জন্য সভায় অনুরোধ করেন। তাছাড়া দক্ষিণ পশ্চিম গাবেরগ্রাম ও চর চাঁদপুর উসমান গণি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ০১ টি করে ভবন জরাজীর্ণ এবং ঝুঁকিপূর্ণ হওয়ায় যেকোন মুহুর্তে দর্ঘটনা ঘটতে পারে বলে সভায় অবহিত করেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ,জামালপুর।<br>২.উপজেলা শিক্ষা অফিসার মাদারগঞ্জ,জামালপুর। |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরে চলতি মাসে স্থায়ী বন্ধাকরণ-৮ জন, আইইউডি-১১ জন, ইমপ্লান্ট-৯৪ জন, ইনজেকশন-৬৬৬ ভায়েল, খাবার বড়ি (সুখী)-১০১০৫ চক্র, খাবার বড়ি আপন-২৫১ চক্র, কনডম-১০৯১৭ পিস এবং ইসিপি-৩৫ জন, প্রতিষ্ঠানিক ডেলেভারী-২০ জন।<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,মাদারগঞ্জ। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, সামনে এস,এস,সি, দাখিল পরীক্ষার কার্যক্রম শুরু হবে। তাই পরীক্ষা চলাকালীন সময়ে তিনি উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| ০৯. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার ২০২১-২০২২ অর্থ বছরে ১ম কিস্তির পে-রোল ৩০ সেপ্টেম্বর/২০২১ এর মধ্যে প্রেরণের নির্দেশনা রয়েছে। এছাড়া নিয়মিত বরাদ্দের পাশাপাশি এ উপজেলায় অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার ৩৬১ টি অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রাপ্ত বরাদ্দ ও নির্দেশনার আলোকে আগামী ৩০ জুন ২০২২ খ্রি: এর মধ্যে জরিপকৃত প্রতিবন্ধীদের তালিকা ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের আলোকে সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার তালিকা দ্রুত প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। তাছা বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ।<br>২। চেয়ারম্যান (সকল)ইউপি মাদারগঞ্জ,জামালপুর। |
| ১০. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, PRDP-3 প্রকল্পের ২০২১-২০২২ অর্থ বছরে বাজেট বরাদ্দ পাওয়া গিয়াছে। এছাড়া অপ্রধান শস্য প্রকল্পের মাধ্যমে ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকা ঋণ সহায়তা প্রদান করা হয়েছে এবং ১৮০০০/-(আঠার হাজার) সঞ্চয় আদায় করা হয়েছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/ কাবিটা) কর্মসূচির আওতায় এ উপজেলায় ৪১,১৪,৮৩৫/- টাকা এবং ৮৭.০৬৮৭ মে:টন চাল ও ৮৭.০৬৮৭ মে: টন গম বরাদ্দ পাওয়া গিয়াছে। তাছাড়া গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২৪,০৩,৫২৯/৪০ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দকৃত টাকা ও চাল এবং গম জনসংখ্যা ও আয়তন অনুসারে ইউনিয়নওয়ারী বিভাজন করার নির্দেশনা আছে। সে মোতাবেক ইউনিয়ন ওয়ারী বিভাজন করে প্রকল্পের তালিকা চাওয়া হবে। এক্ষেত্রে সকল ইউপি চেয়ারম্যানগণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোনান্তে বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে প্রকল্প গ্রহণ করে রেজুলেশনসহ তালিকা প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | ১। পি.আই.ও মাদারগঞ্জ, জামালপুর। ২। চেয়ারম্যান (সকল) ইউপি মাদারগঞ্জ, জামালপুর। |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, চলতি অর্থ বছরে তার দপ্তরের অধীনে ০২ টি ব্লকবাটিক কার্যক্রম সম্পন্ন হয়েছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৩. | উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা জানান, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান ২০১৯-২০২০ অর্থ বছরে বার্ষিক অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক অডিট কাজকর্ম চলমান রয়েছে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায়ের কাজ চলমান তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, |
| ১৪. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে ১০০ জনের বরাদ্দ পাওয়া গিয়াছে। পৌরসভা থেকে সম্পূর্ণ তালিকা পাওয়া যায়নি। তালিকার জন্য তাগিদ দেয়া হয়েছে। ভিজিডি ও মার্তৃত্বভাতার কার্যক্রম চলমান আছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২১-২০২২ অর্থ বছরে ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচির উপকারভোগীর তালিকা দ্রুত প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। ২। চেয়ারম্যান, সকল ইউপি, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৫. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারগঞ্জ সভায় জানান মুজিববর্ষের ক শ্রেণি ঘরের পার্শে খননকৃত নলকূপের প্লাটফর্ম নির্মাণের কাজ চলমান আছে। আগামী সপ্তাহে কাজ সমাপ্ত হবে। সরকারি/বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩০ টি ওয়াস ব্লক নির্মাণ কাজ চলমান আছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | নলকূপের প্লাটফর্ম স্থাপনের কাজ দ্রুত শেষ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়া বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৬. | উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান জনশুমারী কার্যক্রম ১ লা অক্টোবর/২০২১ মাস হতে শুরু হওয়ার কথাছিল তা শুরু করা সম্ভব হয়নি। পরবর্তীতে নির্দেশনা পাওয়া মাত্রই জনশুমারীর কাজ সঠিকভাবে বাস্তবায়ন করা হবে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ১৭. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, সেপ্টেম্বর/২০২১ মাস হতে এ উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচি চালু হয়েছে। উক্ত খাদ্য বান্ধব কর্মসূচি নভেম্বর/২০২১ মাস পর্যন্ত চলবে। ওএমএস কার্যক্রম পৌরসভা চলমান আছে। তাছাড়া ভিজিডির চাল যেসব ইউনিয়ন এখনও উত্তোলন করে নাই তাদের দ্রুত চাল উত্তোলনের ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে অস্ত্রবিহীন গ্রাম ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। এ উপজেলায় শারদীয় দুর্গাপূজার ০৪ টি মোবাইল টীম আইন শৃঙ্খলার সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য আনসার ভিডিপির পক্ষে কাজ করবে। শারদীয় দুর্গোৎসব হিন্দু সম্প্রদায় যাতে নির্বিঘ্নে করতে পারে এ বিষয়ে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা আনসারও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ। | উপসহকারি পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২০. | উপজেলা পিডিবিএফ বিভাগ। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| ২১. | উপজেলা বন বিভাগ | ফরেস্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের তালিকামতে বিনামুল্যে চারা বিতরণের কাজ চলমান আছে। তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তার দপ্তরের অক্টোবর/২০২১ মাসের<br>ক. SME লোন বিতরণের টার্গেট : ১০৩.০৪ লক্ষ<br>SME লোন বিতরণের অর্জন : ৯৮.৯০ লক্ষ<br>SME লোন আদায় : ৫৪.২২ লক্ষ<br>খ. শস্য লোন বিতরণের টার্গেট : ৩৫.০০ লক্ষ<br>শস্য লোন বিতরণের অর্জন : ২১.১০ লক্ষ<br>শস্য লোন আদায় : ১০.৩১ লক্ষ<br>গ. কোভিড-১৯ লোন বিতরণের টার্গেট : ৭৮.০০ লক্ষ<br>কোভিড-১৯ লোন বিতরণের অর্জন : ৪৪.২৫ লক্ষ<br>কোভিড-১৯লোন আদায় : ৫.২৮ লক্ষ<br>তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৩. | ফায়ার সার্ভিস বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর জানান তাঁর দপ্তরে অগ্নি নিবারণ সম্পর্কে এ উপজেলায় বিভিন্ন জায়গায় সচেতনতামূলক কার্যক্রম চালু আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৪. | তথ্য কেন্দ্র | উপজেলা তথ্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তথ্য আপার প্রকল্পের অধীনে তথ্য কেন্দ্রে অনলাইনে কোভিড-১৯ ভ্যাকসিন ও চাকুরীর আবেদন এবং অনলাইনে অন্যান্য সেবাসহ প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম যথারীতি চালু আছে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা মাদারগঞ্জ,জামালপুর। |
| ২৫. | ইসলামী ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান সন্ত্রাস, জঙ্গীবাদ, সামাজিক সমস্যা, যৌতুক, বাল্যবিবাহ, মাদক প্রতিরোধে ইমামদের করণীয় শীর্ষক মতবিনিময় সভায় আয়োজন করা হবে। তাছাড়া প্রতি জুম্মায় প্রাক খুতবার আগে মাদক ও বাল্য বিবাহের কুফল সর্ম্পকে মুসল্লীদের অবহিত করার জন্য সসকল মসজিদের ইমামদের নির্দেশনা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | ফিল্ড সুপারভাইজার, ইসলামী ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর। |
| ২৬. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটর (ইউডিএফ) সভায় জানান, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত UGDP এর লক্ষ্য ও উদ্দেশ্যে বাস্তবায়নে প্রকল্প প্রস্তাবনা তালিকা দ্রুত জমা দিতে হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্প প্রস্তাবনা তালিকা প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটর (ইউডিএফ), মাদারগঞ্জ, জামালপুর। |
| ২৭. | বিবিধ আলোচনা | ক. জনাব মো: ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, উপজেলা স্বাস্থ্য বিভাগে স্বাস্থ্য পরিকল্পনা কমিটি আছে। এ কমিটিকে নিয়মিত সভার করার জন্য মাননীয় সংসদ সদস্য জনাব মির্জা আজম এমপি মহোদয়ের নির্দেশনা থাকলেও নিয়মিত সভা না করার কারণে এ উপজেলায় স্বাস্থ্যসেবার মান ক্রমশই হ্রাস পাচ্ছে বলে মনে করেন। তিনি আরও বলেন VSG মেশিন এবং x-ray মেশিন এর মাধ্যমে স্বাস্থ্যসেবার মান বৃদ্ধি করতে হবে। তাছাড়া উপজেলা হেলথ্ কমপ্লেক্স, কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন সাব সেন্টারের মাধ্যমে স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ করা হয়। তিনি আরও বলেন, জুরুরী প্রসুতিসেবা এবং প্রসব পূর্ববর্তী ও পরবর্তী সেবা এবং শিশু মাতৃস্বাস্থ্য সেবা নিশ্চিত করা এবং NCD কর্নার সংযোজন করার জন্যও সভায় পরামর্শ প্রদান করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা, মাদারগঞ্জ,জামালপুরকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ. জনাব মো: ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় আরও জানান, উপজেলা পরিষদ সভাকক্ষের (যমুনা) পর্দা পরিবর্তনসহ এসি সংযোজন করার বিষয়ে আলোচনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ ,জামালপুরকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| | | গ. জনাব মো: ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, মাদারগঞ্জ উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে ভিজিডি বিতরণের অনিয়মের অভিযোগ পাওয়া যাচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুরকে সতর্ক থাকার জন্য সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ,জামালপুরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ।<br>২। চেয়ারম্যান, (সকল) ইউপি, মাদারগঞ্জ,জামালপুর। |

অতঃপর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যদিকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সমাপ্ত ঘোষণা করেন।

১৪.১০.২০২১.

(মোঃ ওবায়দুর রহমান বেলাল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.১৫-১১৯৫/০১ — ১৪/১০/২১ — তারিখ ঃ ১৪ অক্টোবর ২০২১ খ্রি:।

কার্যার্থে অনুলিপি ঃ

১। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . .ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . ,সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।

১৪/১০/২০২১

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ।

১৪/১০/২১

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি ঃ

১। আলহাজ্ব মির্জা আজম, এমপি, সভাপতি, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জামালপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর।
৬। মেয়র, মাদারগঞ্জ পৌরসভা, মাদারগঞ্জ, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৮। অফিস কপি।

১৪/১০/২০২১

(ইলিশায় রিছিল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, মাদারগঞ্জ।

১৪/১০/২০২১